দৈনিক
ইত্তেফাক

তারিখ 04 MAY 2008
পৃষ্ঠা

# চট্টগ্রামে ছাত্র শিবিরের হামলায় শিক্ষকসহ ১২ জন আহত

॥ চট্টগ্রাম অফিস ॥

চট্টগ্রামে ফুটবল খেলাকে কেন্দ্র করে ছাত্র শিবিরের হামলায় নাসিরাবাদ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) ৩ শিক্ষকসহ ১২ জন আহত হয়েছে। আহতদের মধ্যে দুই পুলিশও রয়েছে। গতকাল শনিবার সকালে ছাত্র শিবিরের কর্মীরা পলিটেকনিক ইনস্টিটিউট থেকে লাঠি-সোঁটা নিয়ে পার্শ্ববর্তী টিটিসিতে এ হামলা চালায়। আহত শিক্ষকরা হলেন টিটিসি'র সিনিয়র ইন্সট্রাক্টর হাবিবুর রহমান, বোরহান উদ্দিন ও ইন্সট্রাক্টর সৈয়দ আবু কাওসার। ছাত্রদের মধ্যে রয়েছে নওশাদ, কিরণ, রাজীব, শাহাদাত ও শাহীন। আহতরা চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতাল ও বিভিন্ন ক্লিনিকে চিকিৎসা নিয়েছে। ঘটনাস্থলে অবস্থানকারী খুলশী থানার হাবিলদার মোহাম্মদ ফারুকসহ আরো একজ পুলিশ হামলার শিকার হন।

পুলিশ জানায়, গত বুধবার বিকা পলিটেকনিক ইনস্টিটিউটে ফুটবল খেলা কেন্দ্র করে ছাত্র শিবিরের কর্মীদের সা টিটিসির কয়েকজন ছাত্রের হাতাহাতি হয়। এ জের ধরে গতকাল সকালে এ ঘটনা ঘটে।

## চবিতে শিবিরের হাতে এবার সহকারী প্রক্টর লাঞ্ছিত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্র শিবিরে নেতা-কর্মীদের হাতে প্রক্টর লাঞ্ছিত হওয়ার দিন পরে গতকাল শনিবার লাঞ্ছিত হলে সহকারী প্রক্টর আলম চৌধুরী। বাংলা ২য় বর্ষে শিক্ষার্থী মাকসুদুর রহমানকে বহিরাগত ম করে সহকারী প্রক্টর (১৫শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ

## চট্টগ্রামে ছাত্র শিবিরের

(১৬শ পৃঃ পর)

পরিচয়পত্র দেখতে চাইলে শিবির নেতা-কর্মীর তাকে কিল-ঘুষি মেরে মাকসুদকে ছিনিয়ে নেয়। গতকাল দুপুরে প্রক্টর অফিসের সামনে এ ঘটনা ঘটে। উদ্ভূত পরিস্থিতিতে করণীয় নির্ধারণ করতে আজ রবিবার সকাল সাড়ে ১০টায় সিন্ডিকেটের জরুরি সভা ডেকেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

গত বুধবারও ছাত্র শিবির নেতা-কর্মীদের হাতে স্টেশন চত্বরে লাঞ্ছিত হন প্রক্টর ড. মো. জসিম উদ্দিন। এদিকে চবি ছাত্রলীগ এ ঘটনায় দায়ী ক্যাডারদের 'শাস্তির দাবিতে প্রক্টরকে